ঢাকার নওয়াব আবদুল গনি ১৮৭০ সালে তৎকালীন ঢাকা শহরের উত্তরাংশে শাহবাগ নামে একটি বাগান বাড়ি তৈরি করেন। বিভিন্ন ধরনের সুদশ্য অট্টালিকা ও প্রমোদাগার, সরোবর, আঁকাবাঁকা লেক ও সেতু, নানা রঙের বাহারি মাছ সম্বলিত চৌবাচ্চা, দেশি বিদেশি মনোরম বৃক্ষরাজি, ফুল ও ফলের বাগান, চিড়িয়াখানা, জাদুঘর প্রভৃতি নিয়ে শাহবাগ বাগান বাড়িটি ছিল চিত্তবিনোদনের এক স্বয়ং সম্পূর্ণ লীলাভূমি। উনিশ শতকের শেষ ভাগ থেকে দীর্ঘ ৫০ বছর ধরে শাহবাগ ছিল ঢাকার অভিজাত ব্যক্তিবর্গের যাবতীয় সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক কর্মকাণ্ডের প্রধান কেন্দ্র। ঢাকার নওয়াবদের উদ্যোগে তৎকালে খ্রিস্টীয় বর্ষবরণ উপলক্ষে শাহবাগ এলাকায় প্রতিবছর ১ জানুয়ারি থেকে দু'দিন ব্যাপী ঘটা করে কৃষিজাত দ্রব্যাদি, গৃহপালিত পশু-পাখি ও কুটির শিল্পের মেলা বসতো। শাহবাগ বাগান বাড়ির সর্বাপেক্ষা জাঁকালো ইমারতের নাম ইশরাত মঞ্জিল। ঢাকা विश्वविদ্যालय कलाভवन এलाकांग्र अवश्विक प्रधूत कार्गिन नात्म विश्वाक ভবনটি ছিল শাহবাগ বাগান বাড়ির দরবারগৃহ। নওয়াব সলিমুল্লাহর উদ্যোগে শাহবাগ বাগান বাড়িতে ১৯০৬ সালের ২৭-২৯ ডিসেম্বর 'অল-ইভিয়া মোহামেডান এডুকেশনাল কনফারেন্স' এর ২০ তম সভা অনুষ্ঠিত হয় এবং উক্ত সভা শেষে ৩০ ডিসেম্বর নওয়াব সলিমুল্লাহর প্রস্তাবে 'নিখিল ভারত মুসলিম লীগ' গঠিত হয়। ১৯১২সালে গভর্নর-জেনারেল লর্ড হার্ডিঞ্জ ঢাকা সফরে এলে নওয়াব সলিমুল্লাহর নেতৃত্বে এক মুসলিম প্রতিনিধি দল শাহবাগ বাগান বাড়িতে ৩১ জানুয়ারি তাঁর সাথে পৃথকভাবে বৈঠক করে। গভর্নর-জেনারেল তখন তাঁদের নিকট ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কথা ঘোষণা করেন।

Dhaka City: Shahbagh

In 1870, the Nawab of Dhaka Abdul Ghani built a garden house by the name Shahbag on the northern periphery of the then city of Dhaka. The Shahbag garden house was a selfcontained amusement centre containing various types of beautiful buildings, recreation-houses, ponds, serpentine lakes, bridges, water-reservoirs containing fishes of various beautiful colours, beautiful trees of indigenous and foreign origin, gardens of flowers and fruits, zoos and museums. For about fifty years since the close of the 19th century, Shahbag remained an epicenter of all social, cultural and political activities of the Dhaka elites. To welcome the Christian New Year, the Nawabs of Dhaka used to sponsor every year a two-day fair. Starting on 1 January in the Shahbag area, this fair had such exhibits as agricultural and cottage industry items, and also domesticated animals and birds. The most gorgeous building in the Shahbag area was called Isharat Manzil. The present Madhu's canteen located in the premises of the Dhaka University Art's Faculty was then the Durbar Hall of the garden house of Shahbag. On 26 - 29 December 1906, Nawab Salimullah hosted in this garden house the 20th session of the All-India Muslim Educational Conference; and out of this gathering and on the basis of Salimullah's proposal emerged the All-India Muslim League on 30 December. On 31 January 1912, a Muslim delegation under the leadership of Nawab Salimullah waited on the visiting Governor-General Lord Hardinge in this garden house. It was at this meeting that Lord Hardinge made the formal announcement for establishing the University of Dhaka.



83.ইশরাত মঞ্জিল, ১৮৯০। ঢাকার নওয়াবদের শাহবাগ বাগান বাড়ির প্রধান ভবন।


111. Ishrut Manzil, 1890. The main building of the garden house of the Nawabs of Dhaka at Shahbagh.



৪২.শাহবাগ বাগানবাড়ির দরবারগৃহ, (আনুঃ) ১৯০৪। বর্তমানে এটি ঢাকা বিশ্ববিদ্যানয়ের বিখ্যাত মধুর ক্যান্টিন। এখানে ১৯০৬ সালে নিথিন ভারত মুসনিম নীগ গঠিত হয়।

42 Durbar Hall in the Garden House of Shahbagh, cir.1904.

It is at present the famous Madhu's Canteen of Dhaka University. In this house, the Muslim League was founded in 1906.



৪৩. অনুষ্ঠান উপলক্ষে সক্ষিত শাহবাগ বাগানবাড়ির দরবারগৃহ, (আনুঃ) ১৯১২।

43. Durbar Hall in the Garden House of Shahbagh, specially decorated for a function, cir.1912.



88. हँकात नल शा्ठ नष्गाव गाात मिसून्नाह, ১৯১०।

44. Nawab Salimullah, smoking Hukka, 1910.



৪৫. ঢাকার নওয়াবদের একটি প্রাসাদ, (আনুঃ) ১৮৮০-র দশক।

115. A palace of the Nawabs of Dhaka, cir.1880s.



৪৬. ঢাকার নওয়াবদের একটি প্রাসাদের সামনে বিশিষ্ট ব্যক্তিবর্গ, (আনুঃ) ১৮৮০-র দশক।

46. Distinguished persons in front of a palace of the Nawabs of Dhaka, 1880s.



৪৭. ঢাকার নওয়াবদের আরেকটি প্রাসাদ, (আনুঃ) ১৮৮০-র দশক।


17. Another palace of the Nawabs of Dhaka, cir 1880s.

जिंका नगरी : फिलथुं भा

নওয়াব খাজা আবদুল গনি তাঁর জ্যেষ্ঠপুত্র খাজা আহসানুল্লাহর জন্য ১৮৬৬ সালে দিলখুশা বাগান বাড়ি তৈরি করেন। বড় বড় দিঘি, লেক, নানাজাতের বাহারি ফুল ও ফলের গাছের মধ্যে এখানে রঙমহল, হাওয়াখানা প্রভৃতির সাথে বসবাস উপযোগী প্রাসাদ ভবনাদি ছিল। ১৮৮৮ সালের টর্নেডোয় আহসান মঞ্জিল ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হলে বেশ কিছু দিন নওয়াব আহসানুল্লাহ পরিবার-পরিজন নিয়ে দিলখুশায় বসবাস করেন। নওয়াব আহসানুল্লাহ তাঁর কন্যা মেহেরবানু ও জামাতা খাজা মোঃ আজমকে দিলখুশায় বসবাস করতে দিয়েছিলেন। ১৯০৫ সালে বঙ্গবিভাগের প্রেক্ষাপটে নতুন প্রাদেশিক সরকারের দপ্তর ও লেঃ গভর্নরের বসবাসের জন্য তৎকালীন সরকার দিলখুশার দক্ষিণ অর্ধাংশ লীজ নেয়। অংশটুকু এখন বঙ্গভবন এলাকা নামে পরিচিত। দিলখুশার উত্তর অর্ধাংশে পরবর্তীকালে নওয়াব পরিবারের কতিপয় সদস্য বসবাস করতেন। ১৯৫৭ সালে সরকারিভাবে অধিগ্রহণের পর সেখানে রাজউক ভবনসহ বিভিন্ন বাণিজ্যিক ভবন গড়ে ওঠে। এতদাঞ্চলে সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক ইতিহাসের গুরুত্বপূর্ণ অনেক ঘটনার সাক্ষী নওয়াবদের এই দিলখুশা বাগান বাডি।

Dhaka City: Dilkhusha

In 1866, Nawab Khwaja Abdul Ghani built the Dilkhusha garden house for his eldest son Khwaja Ashanullah. This garden house comprised large ponds, lakes, fruit and flower trees of various types, amusement homes and other residential buildings. In 1888, when tornado damaged the Ahsan Manzil, Nawab Ahsanullah lived for sometime with his family in this Dilkhusha garden house. Nawab Ahsanullah allowed his daughter Meher Banu and son-in-law Khwaja Md. Azam to live in Dilkhusha. In 1905, after the partition of Bengal, the then government secured a lease of the southern part of Dilkhusha to house the central office of the new provincial government and the official residence of Lt. Governor. This leased part is now known as the Bangabhavan area. Some members of Nawab's family later on also resided in the northern part of Dilkhusha. In 1957, after the acquisition of this area by government, a number of commercial buildings including the RAJUK building were constructed. This Dilkhusha garden house stands witness to many significant social, cultural and political events that took place in this region.



৪৮. হযরত শাহজালাল দাখিনীর মসজিদ, ১৮৮০-র দশক। মোগল আমলে তৈরী, বর্তমান রাজউক ভবনের পাশে অবস্থিত, এ মসজিদ প্রাঙ্গণে ধাজা মোহাঃ আজম, নঙ্মাবজাদি মেহেরবানু, জেনারেল ধাজা। ঙ্মাসিউদ্দিনসহ নঙ্মাব পরিবারের অনেক বিখ্যাত ব্যক্তি সমাহিত আছেন।

48. Shah Jalal Dakhini's Mosque , cir. 1880s.

Built during the Mughal period, the site is next to present day RAJUK building.
Khwaja Muhammad Azam,
Nawabzadi Meher Banu,
General Khawja Wasiuddin
and other famous members of the Dhaka Nawab Family are lying buried in the compound of this Mosque.



৪৯. দিলখুশা বাগানবাড়ির প্রধান ভবন, ১৮৮০-র দশক। বর্তমান রাজউক ভবনের প্রবিদকে ছিল এর অবস্থান।

49. Main Building of the Dilkhusha Garden house complex of the Nawabs of Dhaka, 1880s.

It was situated to the east of the present day RAJUK building.



৫০. মানুক হাউস, দিলখুশা, ১৮৮০-র দশক। আর্মেনীয় জমিদার মানুকের নামে নামকরণকৃত ভবনটি বঙ্গভবন এলাকায় আজো টিকে আছে। ।

50. Manuk House, Dilkhusha, 1880s.

> Named after Armenian Zamindar Manuk, the building still survives inside the Bangabhaban (Hon'ble President's office and Residence).



৫১. জুলজুলাইয়া টাওয়ার, দিলখুশা, ১৮৮০-র দশক। গোলকর্ধার্ধাটি লুকোচুরি খেলার জন্য তৈরি হয়েছিল।

51. Maze (Bhulbhuliya) Tower, Dilkhusha, 1880s.

The Maze was constructed for playing hide and seek.




৫২. नध्यायप्तत वाभानवाज़ित এकाश्म, फिलथूमा, ১৮৮०-त प्रमक।

52. A part of the Nawab's Gardon House at Dilkhusha, 1880s.



৫৩. লেকের পাড়ে হরিণ শাবক, দিলখুশা, ১৮৮০-র দশক।

53. A Fawn on the bank of a Lake, Dilkhusha, 1880s.



৫৪. बिालत উপत সেতৃ, फिलथूमा, ১৮৮০-त দশক।

54. A Bridge over the Lake, Dilkhusha, 1880s.



৫৫. ঢাকার নঙয়াবদের একটি প্রাসাদ তোরণ, (আনুঃ) ১৮৮০-র দশক।

55. A Palace Gate of the Nawabs of Dhaka, cir.1880s.



৫৬. ফারহাত মঞ্জিল, দক্ষিণ দিক, ১৮৯০।

ঢাকার নওয়াবদের দিলখুশা

বাগানবাড়ির আরেকটি প্রাসাদ।

নওয়াব আহসানুল্লাহর জী

ফারহাতজান বেগম (খাজা

আতিক্ল্লাহর মা)-এর নামে সম্ভবত
এ ভবনটির নামকরণ করা হয়েছিল।

56 Farhat Manzil, south side, 1890.

Another Palace of the Nawab's Dilkhusha Garden house complex . Probably named after Begum Farhat Jan, wife of Nawab Ahsanullah and mother of Khwaja Atiqullah.



57. Wirth side of Farhat . Hanril, Withhusher 1



৫৮. দানাদিঘির ঘাট, নওয়াব খাজা আহসানুল্লাহ কর্তৃক নির্মিত এ দিঘিটি বঙ্কভবন এনাকায় এখনও বিদ্যমান, ১৮৯০-র দশক।


58. Ghat House at Danadighi, Dilkhusha, 1890s.
The pond still exists within the Bangabhaban Compound.

নওয়াব বাড়ি

ঢাকা শহরের দক্ষিণাংশে ইসলামপুর এলাকায় নওয়াব বাড়ির অবস্থান। মোগল আমলে এখানে বুড়িগঙ্গার তীরে জমিদার শেখ ইনায়েতুল্লার বাগান বাডি ছিল। আঠারো শতকের শুরুতে ফরাসী বণিকেরা এখানে তাদের বাণিজ্যকুঠি প্রতিষ্ঠা করে। ১৮৩০ সালে খাজা আলীমুল্লাহ ফরাসীদের নিকট থেকে কুঠিটি ক্রয় করে নিজের বাসভবনে পরিণত করেন। নওয়াব আবদল গনি ১৮৬৯ সালে এখানে একটি নয়নাভিরাম প্রাসাদ তৈরি করে প্রিয় পুত্র খাজা আহসানুল্লাহর নামানুসারে নামকরণ করেন আহসান মঞ্জিল। আহসান মঞ্জিল প্রাসাদটির দু'টো অংশ রয়েছে। পূর্বদিকের গমুজযুক্ত ভবনকে বলা হয় রঙমহল এবং পশ্চিমদিকের আবাসিক ভবনকে বলা হয় অন্দর মহল। এছাড়া প্রাসাদ ভবনের উত্তর দিকে ছিল আস্তাবল ও জামে মসজিদ এবং ইসলামপুর রোডের ধারে নির্মিত নহবতখানা বা তোরণদ্বার। তোরণদ্বার থেকে প্রাসাদের দিকে আগত রাস্তার পশ্চিম পার্শ্ব দিয়ে নির্মিত হয়েছিল নওয়াব পরিবারের অন্যান্য ব্যক্তিবর্গের আবাসিক ভবনাদি। বাংলাদেশের ইতিহাসের নানা গুরুত্বপূর্ণ ঘটনার সাক্ষী এই নওয়াব বাড়ি ১৮৮৮ সালের ৭ এপ্রিল সংঘটিত ভয়াবহ টর্নেডোর আঘাতে ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়। উক্ত টর্নেডোর পর নওয়াব আহসানুল্লাহ কর্তৃক যে বৈশিষ্ট্যে নওয়াব বাড়ি সংস্কার ও পুনঃনির্মাণ করা হয়েছিল সেটাই আমরা এখন দেখতে পাই। টর্নেডোয় ক্ষতিগ্রস্ত নওয়াব বাড়ির দৃশ্যসহ টর্নোডোর আগের এবং পরের বৈশিষ্ট্য সম্বলিত কয়েকটি पुण्थाना हिंव विचारत प्रा राजा ।

Nawab Bari

The Nawab Bari is located in the Islampur area on the southern side of the city of Dhaka. During the Mughal times, Sheikh Inayetullah in this locality owned a garden house. The French traders established their commercial house here by the beginning of the 18th century. In 1830, Khwaja Alimullah bought this house and transformed it into his residence. In 1869, Nawab Abdul Ghani built here a beautiful palace on this site and named it after his dear son as the Ahsan Manzil. The Ahsan Manzil divides into two parts. The eastern bloc with dome was called Rangmahal and the western side Andarmahal. The horse-stable and mosque were located in the northern part; and the main gateway was by the Islampur road. The residential buildings for other members of the Nawab's family lay by the western side of the road that stretched from the gateway to the palace. Witness to many significant events in the history of Bangladesh, this Nawab Bari was severely damaged by the tornado of 7 April 1888. We now see the Nawab Bari as it was renovated and rebuilt by Nawab Ahsanullah. This section presents some rare pictures of the Ahsan Manzil both before and after the tornado.



কৈ. আহসান মঞ্জিল, ১৮৮০-র দশক।
বৃড়িগঙ্গার তীরে কুমারটুলি এলাকায় অবস্থিত
প্রাসাদটি ঢাকার নঙয়াবদের বসবাসের এবং
সদর কাঢারির জন্য ব্যবহৃত হতো। ১৮৬৯এ নঙয়াব আবদুল গনি প্রাসাদটি নতুন করে
নির্মাণ করে তাঁর পুত্র আহসানুরাহর
নামানুসারে নামকরণ করেন। এই আহসান
মঞ্জিলই ছিল সর্বভারতীয় মুসনিম লীগের
সৃতিকাগার। আগে প্রাসাদ চূড়ায় কোন
গস্বুজ ছিল লা। ১৮৮৮-র ঘূর্ণিঝড়ের পর
গস্বুজটি নির্মিত হয়, যা আজও আছে।

59. Ahsan Manzil, cir. 1880s.

The Palace located at Kumartoli on the bank of the Buriganga, was the residential palace and the sad'r kachari of the Nawabs of Dhaka. It was erected anew in 1869 by Nawab Abdul Ghani and named after his son Ahsanullah. Ahsan Manzil was the cradle of All-India Muslim League. The Palace had originally no dome at its top. After the tornado of 1888, the dome was built which still exists today.



৬০. ১৮৮৮ সানের ৭ এপ্রিলে টর্নেডোয় ক্ষতিগ্রস্ত নওয়াব বাড়ি (আহসান মঞ্জিল) এলাকার দৃশ্য।

60. View of the ruined Ahsan Manzil Palace after being hit by a tornado on 7 April 1888.



৬১. ১৮৮৮ খ্রিস্টাব্দের ৭ এপ্রিলের টর্নেডোয় ক্ষতিগ্রস্থ আহসান মঞ্জিল প্রাসাদের অভ্যন্তরীণ দৃশ্য।

61. Internal scenes of the Ahsan Manzil Palace after being hit by Tornado on 7 April, 1888 .



৬২. নওয়াব বাড়ির বারান্দায় তিনজন, (আনুঃ) ১৮৮০-র দশক।

62. Three persons in the verandah of the Nawab's Palace, cir. 1880s.



৬৩. *আহসান মঞ্জিল*, ১৯০৪। ফ্রিংজ কাপ নামের একজন জার্মান ফ্রিল্যান্স ফটোগ্রাফার ছবিটি তুলেছিলেন।

63. Ahsan Manzil, 1904.

Fritz Kapp, a German freelance photographer, took this picture.

বুড়িগন্ম তীরে ঢাকা

বুড়িগঙ্গা নদীর তীরে গড়ে উঠেছিল ঢাকা নগরী । নদীর উত্তর তীর ধরে পূর্ব-পশ্চিম দিকে ছিল এর বিস্তৃতি । নদী তীরবর্তী মনোরম সুদৃশ্য অট্টালিকার সারি ছিল ঢাকা নগরীর শোভা । উনিশ শতকের ঢাকার বুড়িগঙ্গা তীরবর্তী দৃশ্য নিয়ে জনৈক ইংরেজ শিল্পীর আঁকা চিত্রকর্ম -'প্যানোরামা অব ঢাকা' আজো ঢাকার প্রাচীন গৌরব-স্মৃতি ঘোষণা করছে । নদী তীরে পরিচ্ছন্ন বাকল্যান্ড বাঁধ এবং এর ধারে ছবির মত দালান-কোঠা ঢাকা নগরীর মর্যাদা বহুগুণ বৃদ্ধি করেছিল । নদী তীরের প্রাচীন সেস্ব অট্টালিকার অনেকগুলোই এখন নিঃশ্চিহ্ন হয়ে গেছে, তবে কিছু কিছু ইমারত অত্যন্ত করুণ দশায় আজো টিকে আছে । আলোকচিত্রে উনিশ শতকের শেষভাগে তোলা বুড়িগঙ্গা তীরের কিছু মনোরম দৃশ্য স্থান পেয়েছে ।

Dhaka along the river Buriganga

The city of Dhaka evolved along the river Buriganga. This city stretched along the river Buriganga towards east and west. The eyecatching buildings along the riverbank were beauties of the city of Dhaka. The "Panorama of Dhaka", a collection of pictures drawn by an English artist showing scenes on the banks of the river is a speciman of the past glories of Dhaka. The clean Buckland bund by the river and picturesque buildings along the riverside considerably enhanced the image of Dhaka. Most of the ancient buildings have vanished while others that remain are in a dilapidated condition. The photographs presented in this section are the scenes on the riverbanks taken towards the end of the 19th century.

৬৪.বুড়িগন্থা নদী তীরে নাট্টু সিংহের মঠসহ ঢাকা শহরের দৃশ্য, ১৮৮০-র দশক।

১৮৯৭ সালের ভূমিকম্পে এটি বিধ্বস্ত হয়।

64. View of Dhaka city along the River Buriganga with Nattu Singh's Math (Temple) , 1880s.

This Math was destroyed in the earthquake of 1897.

৬৫. ছোট কাটরা, বিলুবাবা নামের একজন ব্যবসায়ী কর্তৃক সংস্কারের পর তোলা ছবি, ১৮৮০-র দশক। ১৬৭১ সালে সুবাদার শায়েন্তা খান (১৬৬৩-৭৮; ১৬৭৯-৮৮) শাহ সুজা'র বড় কাটরার আদলে এই ছোট কাটরা নির্মাণ করেছিলেন।

65. Photograph of Chota Katra after its being renovated by a merchant named Bilubaba, cir. 1880s. Subahdar Shaista Khan (1663-78; 1679-88) built the Chota Katra in 1671. He named it Chota Katra to distinguish it from the Bara Katra of Shah Shuja.





৬৬. বুড়িগঙ্গার তীরে মির্জা গোলাম পীরের মসজিদ এবং অন্যান্য ইমারত, ১৮৮০-র দশক।

এই মসজিদের নির্মাতা ছিলেন মীর আবু সাঈদের নাতি, যিনি আঠারো শতকের তৃতীয়ার্দ্ধে তুরান থেকে এসে ঢাকায় স্থায়ী বাসিন্দা হয়েছিলেন। ত্রিপুরা এবং বাকেরগঞ্জে মির্জা গোলাম পীরের বিস্তৃত জমিদারি ছিল। তাঁর নির্মিত অন্যান্য ইমারতাদির মধ্যে বুড়িগঙ্গার তীরে নলগোলায় নির্মিত এই তিন গদ্বজের সুদৃশ্য মসজিদটি ছিল অন্যতম। ১৮৬০-এ তিনি লোকান্তরিত হন।

66. Mirza Golam Pir's Mosque and other Buildings on the bank of river Buriganga, cir. 1880s.

The builder was the grandson of Mir Abu Sayeed, who had settled in Dhaka from Turan in the third quarter of the 18th century. Mirza Golam Pir had considerable estate in Tippera and Bakergunge districts. He built, among other things, a picturesque three-domed mosque on the bank of river Buriganga at Nalgola. He died in 1860.



৬৭. বাবুবাজার ঘাটে দারোগা আমিরউদ্দীনের মসজিদ ও জ্বালানী কাঠের বাজার, ১৮৮০-র দশক।

তিন গন্ধজের এই মসজিদ নির্মাণ করেছিলেন মৌলবি আমিরউদীন। উনিশ শতকের গুরুতে তিনি সম্ভবত

ইস্ট ইতিয়া কোম্পানীর পুনিশ বিভাগে একজন দারোগা ছিনেন। তিনি বৃহত্তর কুমিল্লা জেনার বাঞ্ছারামপুর
এলাকা খেকে এসেছিনেন।

67. Darogah Amiruddin's Mosque and firewood Market at Babu Bazaar Ghat, cir. 1880s.

The three-domed mosque was built by Mvi. Amiruddin. He was probably a Daroga in the police department of the East India Company in the early part of 19th century. He originally hailed from Bancharampur of greater Comilla district.



৬৮. दुर्फ़िशन्नात ठीरत আर्सिनीय क्रिसेपात सानुत्कत थानाप, नापासञ्जी घाँठ, (आनुः) ১৮৮०-त्र प्लम्क।

68. Palace of the
Armenian zamindar
Manuk at Badamtali
Ghat on the bank of
river Buriyanga, cir.
1880s.



৬৯. বাকল্যান্ড বাঁধ সংলগ্ন আহসান মঞ্জিল, ১৮৮০-র দশক।

> ১৮৬৪-এ বিভাগীয় কমিশনার সি.টি. বাকল্যান্ডের পরিকল্পনা অনুযায়ী বাঁধটি নির্মিত হয়েছিল। উদ্দেশ্য ছিল বন্যা থেকে ঢাকা শহরকে রক্ষা ও পরিবেশের উন্নতি করা।


69. Ahsan Manzil along the Buckland Bund, 1880s.

The Bund was constructed in 1864 under a scheme undertaken by the Divisional Commissioner C.T. Buckland to protect the city of Dhaka from flooding and for environmental development.



৭০. আহসান মঞ্জিনের সামনে বাকল্যান্ড বাঁধে জনৈক ইংরেজ, (আনুঃ) ১৮৮০-র দশক।

70. An English gentleman on the Buckland Bund in front of Ahsan Manzil, cir. 1880.



१). नर्शकक रस, १४४०-व मनक।

১৮৭৪-এ ভাইসরয় লর্ড নর্যক্রক (১৮৭২-১৮৭৬) এর চাকা সফর স্বরণীয় করে রাধার উদ্দেশ্যে এই টাউন হল ও গ্রন্থাগার নির্মিত হয়েছিল ১৮৮০-তে। নালকুঠি নামে পরিচিত দানানটি এথনও ফরাশগঞ্জে বিরাজ করছে।

71. Northbrook Hall, cir. 1880s.

The Town Hall and Library was constructed in 1880 to commemorate the visit of Viceroy Lord Northbrook (1872-1876) to Dhaka in 1874. The building, also known as *Lalkuthi* (red house), still exists in the Farashgani area.



৭২. নর্যক্রক হল (১৮৮০), ফরাশগঞ্জ, নদীর দিক থেকে, ১৮৮০-র দশক।

72. Northbrook Hall, Farashganj, from the river, 1880s.

৭৩. রূপলাল হাউস, ১৮৮০-র দশক।
আদিতে বাড়িটি ছিল আর্মেনীয়
জমিদার আরাতুল-এর। উনিশ
শতকের শেষ দিকে ধনাঢা ব্যবসায়ী
দৃই ভাই রূপনাল দাস ও রয়নাথ দাস
বাড়িটি কিনে নিয়ে নতুন করে নির্মাণ
করেন। এক সময়ে জাকজমক ও
মহিমায় বাড়িটি আহসান মঞ্জিনের
সঙ্গে পাল্লা দিত। ১৮৮৮-তে নর্ড
ভাফরিনের ঢাকা সম্পর্ব উপলক্ষে তাঁর
সন্মানে রূপনাল এই বাড়ির নাচ ঘরে
এক বননাচ অনুষ্ঠানের আয়োজন
করেছিলেন।

73. Ruplal House, Farashganj, cir. 1880s.

The house originally belonged to an Armenian zamindar, Aratoon. It was purchased and reconstructed by two affluent merchant brothers, Ruplal Das and Raghunath Das in late 19th century. It once vied with Ahsan Manzil in magnificence and grandeur. During the visit of Lord Dufferin to Dhaka in 1888, Ruplal arranged a ball in his honour in the dance hall of the house.





বৃড়িগঙ্গা, বাকল্যান্ত বাঁধ এবং নৌকা, ১৮৮০-র দশক।

74. River Buriganga, Buckland Bund (Embankment) and House Boats, 1880s.



৭৫. বৃড়িগঙ্গা নদীর তীরে বাকল্যান্ড বাঁধ ও অভিজাতদের আবাস গৃহ, ১৮৮০-র দশক।

75. Buckland Bund and residences of the elites of Dhaka on the bank of river Buriganga, 1880s.



৭৬. বুড়িগঙ্গা নদীর তীরে বাকল্যান্ড বাঁধ ও অভিজাতদের আবাসগৃহের আরেকটি চিত্র, ১৮৮০-র দশক।

76. Another picture of Buckland Bund with residences of elites on the bank of Buriganga, 1880s .



৭৭. বৃড়িগঙ্গার তীরে সেশন জজ মি: কুক ও জমিদার এ. হ্যালো-এর বাড়ি, ১৮৮০-র দশক।

77. Houses of Sessions Judge Cook and Mr. A. Hallo, a zamindar on the bank of river Buriganga, 1880s



৭৮. বুড়িগঙ্গার তীরে বাকল্যান্ড বাঁধ এবং সুরম্য অট্টালিকা, ১৮৮০-র দশক।

78. Buckland Bund and some magnificent mansions on the bank of River Buriganga, 1880s .



৭৯. পাগলা পুলের ধ্বংসাবশেষ, ১৮৮০-র দশক।

> ১৬৬০- এর দশকে পাগলা নদীর গুপর সুবাদার মীর জুমলার আমলে এই সেতৃ নির্মিত হয়েছিল। নারায়নগঞ্জ যাবার পথে ঢাকা শহরের পাঁচ মাইল পুর্বে সেতৃটি অবস্থিত ছিল।

79. Ruins of Pagla Pool (Bridge at Pagla), cir. 1880s.

The bridge was built during the period of Subahdar Mir Jumla in the 1660s on the river Pagla. The bridge was located about five miles to the east of Dhaka on the road to Narayanganj.

णका भरत्रवली

সমৃদ্ধশালী একটি প্রদেশের রাজধানী হওয়ার কারণে মোগল আমলে এবং পরবর্তীতে ঢাকা নগরীর পার্শ্ববর্তী অঞ্চলগুলো যথেষ্ঠ গুরুত্বপূর্ণ ছিল। বিভিন্ন প্রয়োজনে সেখানে নানা প্রকার স্থাপনা গড়ে উঠেছিল। উনিশ শতকে বনেদি ও ধনীক শ্রেণীর অনেকেই ঢাকার শহরতলীতে বাগান বাড়ি বা প্রমোদ উদ্যান তৈরি করেন। মীর জুমলার নির্মিত হাজীগঞ্জ দূর্গের অভ্যন্তরে ঢাকার নওয়াবগণ তৈরি করেছিলেন 'হাফিজ মঞ্জিল' নামে এক সুদৃশ্য প্রাসাদ। জমিদারির স্থানীয় কাচারি ছাড়াও সেটা প্রমোদাগার হিসেবে ব্যবহৃত হতো। সাভারের বাইগুনবাড়িতে ছিল ঢাকার নওয়াবদের সংরক্ষিত শিকার কানন। বিভিন্ন ঋতুতে পরিবার পরিজন, পাইক পেয়াদা সমভিব্যাহারে নওয়াবগণ বাইগুনবাড়িতে শিকার করতে যেতেন। অনেক সময় ইংরেজ সরকারি আমলাদেরকে তাঁরা সেখানে নিয়ে শিকারের আনন্দ উপভোগ করাতেন। বাইগুনবাড়িতে থাকা-খাওয়া, আমোদ-প্রমোদের উপযুক্ত ভবনাদি ছিল। এছাড়া নওয়াব আহসানুল্লাহ সেখানে একটি জামে মসজিদ ও দু'টি দিঘি খনন করেছিলেন। উনিশ শতকের শেষ দিকে ঢাকা শহরতলীর ঐসব স্থানে থাকা বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনার কিছু বিরল চিত্র এখানে প্রকাশিত হলো।

Dhaka Suburbs

Being the capital of a prosperous Mughal province and even later on, the adjacent areas of the city of Dhaka assumed great importance wherein a number of establishments and facilities grew up. Many aristocratic and rich people built garden houses and recreational facilities in the suburban Dhaka during the 19th century. The Nawabs of Dhaka built a beautiful palace named 'Hafiz Manzil' inside the Hajiganj fort that had been built by Mir Jumla. Besides being a Kachari of the local estate, the palace was used as a recreation centre. The Nawabs of Dhaka had their reserve hunting ground at Baigunbari of Savar. At different times of the year, the Nawabs used to go there for hunting along with family members and guards. Sometimes they used to take along some English officials on such hunting trips. Baigunbari had adequate provisions and facilities for short stay, food and recreation. Moreover, Nawab Ahsanullah built a mosque and dug two big ponds there. This section presents some rare pictures of various places of interest around the suburbs of Dhaka.



৮০. বাইগুনবাড়ির প্রধান প্রাসাদ, সাভার, ১৮৮০-র দশক।

80. Main Palace at Baigunbari, Savar, 1880s.



৮১. বাইগুনবাড়ি মসজিদ, নওয়াব আহসানুন্লাহর তৈরি, ১৮৮০-র দশক।

81. Mosque of Baigunbari built by Nawab Ahsanullah, 1880s.



४२. हाकात नव्याबरम्त निकातनाय (नारमातामिक छिठे), बाईक्नवाहि, ১৮৮०-व स्तक

82. Panoramic view of the hunting ground of the Nawals of Dhaka, Baiyunbari, or 1880s.

92



৮৩. কদমরসুল তোরণদার, নারায়ণগঞ্জ, ১৮৮০-র দশক।

১২২০ হিজরী/১৮০৫-০৬-এ এই সৌধসদৃশ দ্বিতন প্রবেশদার নির্মাণ করেছিনেন গোনাম মুহান্দান। এই প্রবেশদার পেরিয়ে পথটি চনে গেছে এক গম্বুজের একটি দানান পর্যশভ সেথানে গোনাপজনে ভুবানো একটি ধাতব পাত্রে রক্ষিত এক থও পাথরে ধারণ করা আছে হযরত মুহন্দান (দঃ) এর পদচিচ্ছ।

83. Kadam Rasul Gateway, Narayanganj, cir. 1880s.

This two-storey monumental gateway was constructed by Ghulam Muhammad in 1220 AH/1805-06. This gateway leads to a single-domed structure wherein the relic- a stone containing the footprint of Prophet Muhammad (sm) is kept in a metal dish submerged in rose water.



৮৪.হাফিজ মঞ্জিল, ঢাকার নওয়াবদের একটি প্রাসাদ, হাজীগঞ্জ দুর্গের অভ্যন্তরে, ১৮৯০।

84. Hafiz Manzil, Country Palace of the Nawabs of Dhaka, inside Hajiganj Fort, 1890 .



৮৫. शिक्क मिक्कलित मसूथ पृभा, ১৮৯०।

85. Front view of Hafiz Manzil (Palace), 1890 .



৮৬. তুরাগ নদীর উপর টঙ্গী সেতু, ১৮৯০-এর দশক।

ভাওয়াল এস্টেটের রাজা কালী নারায়ণ রায়ের আর্থিক সহায়তায় এই সেতু নির্মিত হয়েছিল। আগে এখানে সুবাদার মীর জুমলার তৈরি করা একটি সেতু ছিল, যা ১৮৯০-এর বন্যায় ভেঙ্কে যায়।

86. Tongi Bridge over the river Turag, 1890s.

This bridge was constructed with the financial support of Raja Kali Narayan Roy of Bhawal Estate. Formerly, there was a bridge at the same site built by Subahdar Mir Jumla that collapsed in the floods of 1890.

थिलाधूला ७ वितापन

সংস্কৃতির বিকাশে খেলাধুলা ও বিনোদনের এক বিশেষ ভূমিকা রয়েছে। উঁচু শ্রেণীর এবং অভিজাতদের খেলাধুলা ও বিনোদন হিসেবে কুকুর দৌড়, ঘোড়দৌড়, নাটক মঞ্চায়ন, নৃত্য-গীত প্রভৃতি ছিল উল্লেখযোগ্য। উনিশ শতকের মাঝামাঝি ইংরেজদের সহযোগিতায় ও ঢাকার নওয়াবদের পৃষ্ঠপোষকতায় ঢাকা রেসকোর্স তৈরি হয় এবং রেসের ঘোড়া পোষা অভিজাতদের ফ্যাশন হয়ে দাঁড়ায়। নগরীর অন্যতম বিনোদন হিসেবে নাটক মঞ্চায়ন শুরু হয় প্রায় একই সময়ে। ঢাকা রেসকোর্স এবং ঢাকার নাটকের কিছু বিরল চিত্রসহ বিনোদনমূলক কিছু দুস্প্রাপ্য আলোকচিত্র

Games and Recreations

Games and recreation play a special role in cultural development. Of the games and recreations enjoyed by the upper class and aristocrats, special mention may be made of dog race, horse race, drama, dance and music. Under the patronization of the Nawabs of Dhaka and with the assistance from the English, racecourse was built in Dhaka by the middle of the 19th century; and by that time owning of racehorses became a fashion. Stage drama made its debut at about the same time. Some rare pictures of Dhaka racecourse and dramas staged in Dhaka along with a number of other uncommon photographs on the above theme may be seen in the section.



৮৭. হাতিকে পোষ মানানো, (আনুঃ) ১৮৭০-র দশক।

87. Taming the Elephant, cir. 1870s.

৮৮. ঢাকা রেসকোর্সে ঘোড়দৌড় শুরুর স্থানে প্যাভিলিয়ন, ১৮৮০-র দশক।

> ইংরেজগণ ঢাকায় ঘোড়নৌড়ের প্রচলন করেছিল। যোড়নৌড় বেশ ক্রুত ঢাকার অভিজাত মহল ও সাধারণ মানুষের প্রিয় হয়ে উঠেছিল। ঢাকার নওয়াবগণ সক্রিয়ভাবে যোড়দৌড়ে অংশ গ্রহণ করতেন এবং এই খেলার পৃষ্ঠপোষকতা করতেন।

88. Pavilion at the starting point of Dhaka Race Course, 1880s.

The English introduced horseracing in Dhaka. It soon gained popularity with the elites of the city as well as with the common people. The Nawabs actively participated and patronized the game.





৮৯. ঢাকার নওয়াব-কাপ উপলক্ষে আয়োজিত ঘোড়দৌড়, স্টার্টিং প্যাভিলিয়ন, ১৮৯২।

89. Dhuka Nawab's Cup Race. Pavilion at the starting of the Race, 1892.



৯০.ঢাকার নওয়াবদের একটি আম্ভাবল, ১৮৮০-র দশক।

90. A stable of the Nawabs of Dhaka, 1880s.



৯১. ঢাকার নওয়াবদের রেসের কুকুর, পরিচারকসহ, ১৮৮০-র দশক।

91. Race Dogs of the Nawab of Dhaka with an attendant, cir. 1880s.



৯২. ঢাকার নওয়াবদের অপর একদল রেসের কুকুর, পরিচারকসহ, ১৮৮০-র দশক।

92. Another group of Ruce Dogs of the Nawab with an attendant, cir. 1880s.



৯৩. চিতা বাঘের থেলা প্রদর্শনকারী দল, ১৮৮০-র দশক।

93. Exhibitors of Leopard's game, 1880s.



৯৪. ঢাকার নওয়াব প্রাসাদে অনুষ্ঠিত নাটকের একটি দৃশ্য, ১৮৮০-র দশক।

> উনিশ শতকের মধ্যভাগে পাশ্চাত্য প্রভাবে ঢাকায় নাট্যানুষ্ঠান শুরু ছয়। নওয়াব বাড়িতে অনুষ্ঠিত এমন নাটকে মহিলা শিল্পীরাও অংশগ্রহণ করতেন।

94. Scene from a drama staged in the Palace of the Nawab of Dhaka, cir. 1880s.

Theatrical performances, it may be stated, started in Dhaka as a result of western influence from the middle of the 19th century. In such performances, female actresses regularly took part in the Nawab's Palace.



৯৫. ঢাকার নওয়াব বাড়ির মঞ্চে নাটকের দৃশ্য, ১৮৮০-র দশক।

95. Scene from a drama staged in the Palace of the Nawab of Dhaka, cir. 1880s.



৯৬. ঢাকা ক্লাব, ১৮৮০-র দশক।

উনিশ শতকের মাঝামাঝি বাহাদুর শাহ পার্কের কাছাকাছি এই ক্লাব প্রতিষ্ঠিত হয়েছিল। ১৯১১-তে কলকাতার বেহুল ক্লাবের আদলে শাহবাগ এলাকায় ঢাকা ক্লাবের নতুন দালান নির্মিত হয়।

96. Dhaka Club, cir. 1880s.

The Club was probably established in the middle of the 19th century near the present Bahadur Shah Park. The new building of Dhaka Club at Shahbagh was founded after the model of the Bengal Club of Calcutta in 1911.



৯৭. विलिग्नार्छ क्राव এवः त्राात्कर्टे त्कार्ट, ১৮৯০ ।

97. Billiard Club and Racket Court, 1890.

যানবাহন

যোগাযোগের জন্য যানবাহন অপরিহার্য। ব্রিটিশ আমলের প্রথম দিকে ঢাকার জনপ্রিয় যানবাহন ছিল ঘোড়ারগাড়ি। এছাড়া ঘোড়া, হাতি, ডুলি, পালকির ব্যবহারও ক্ষেত্র বিশেষেছিল। বুড়িগঙ্গা, দোলাই ও আশপাশের অন্যান্য নদী-খাল ও জলপথের জন্য যোগাযোগ ব্যবস্থার এক অপরিহার্য অংশ ছিল নৌকা। উনিশ শতকের মাঝামাঝি সময়ে ঢাকা স্টিমার সার্ভিসের সঙ্গে যুক্ত হয়। ১৮৮০ - এর দশকে ঢাকা রেল নেটওয়ার্কের আওতাভুক্ত হয় এবং ১৮৮৫ সালে ফুলবাড়িয়া রেল স্টেশন প্রতিষ্ঠিত হয়। বিশ শতকের শুরুতে ঢাকায় অভিজাত শ্রেণীর লোকেরা মোটরগাড়ি আমদানি করেন। নদীর ঘাটে স্নানের দৃশ্য সহ ঢাকার যানবাহন ও যানবাহন সংশ্লিষ্ট কিছু আলোকচিত্র এখানে স্থান পেয়েছে।

Transport

Transport is essential for communication. At the beginning of British rule, the popular transport in Dhaka was horse carriage. Moreover, horse, elephant, doolie, palanquin were also in use under certain circumstances. Boat was an unavoidable means of transport in the river Buriganga, Dulai Khal, and other rivers and adjacent waterways. Steamer service connected Dhaka by the middle of the 19th century. The 1880's brought Dhaka under the railway network; and in 1885, Fulbaria Railway Station was established. By the beginning of the 20th century, elites of Dhaka imported motorcars in the city. Some pictures of transport and transport related photographs including a bathing scene at a river ghat are presented in this section.



৯৮. ছাতি ও ঘোড়া গাড়িতে ভ্রমণ, ১৮৮০-র দশক। 98. Travel by Elephant and Horse Carriage, cir. 1880s.



৯৯. স্টিমার ঘাট, ১৮৮০-দশক। 99. Steamer Ghat (Terminal), cir, 1880s .



১০০. नपीत घाटि सान, ১৮৮०-त प्रनक।

100. Bathing at a river

ghat, cir. 1880s.



১০১. ঢাকার ফুলবাড়িয়া রেলস্টেশন, ১৮৮০-র দশক। ১৮৮৫-তে এই স্টেশন নির্মিত হয়েছিন। একই সময়ে ঢাকা স্টেট রেলঞ্জ্যে নামে নারায়ণগঞ্জ - ঢাকা-ময়মনসিংহ ১৪৪ কি.মি. নির্ম মিটারগেজ রেল লাইন ঢালু করা হয়।

101. Fulbaria Railway Station, Dhaka, 1880s.

The railway station was constructed in 1885 when the 144 km. long Narayanganj-Dhaka-Mymensingh metregauge railway line was opened under the title of Dhaka State Railway.




১০২. ঢাকার একটি নদীর ঘাটে অপেক্ষমাণ নারী-পুরুষ, ১৮৮০-র দশক।

102. Waiting men-women at a river ghat in Dhaka, cir. 1880s.



১০৩. ঢাকা রেলস্টেশনে বিশিষ্ট ব্যক্তিবর্গ, ১৮৯০-র দশক।

103. Distinguished persons at the Dhaka Rail Station, cir. 1890s.



১০৪. न७ग्राच मितमुद्धांश्त साउँतगािफ, फिलथूमा, (वान्ः) ১৯০৪।

104. Motor car of Nawab Salimullah, Dilkhusha, cir. 1904.

ঞ্প ছবি: সেনাবাহিনী

প্রাদেশিক রাজধানী হিসেবে মোগল আমল থেকেই ঢাকায় সেনা গ্যারিসন ছিল। ব্রিটিশ আমলে ঢাকার শুরুত্ব কমে গেলেও ঢাকায় স্থায়ীভাবে সেনাবাহিনী রাখা হতো। বিভিন্ন প্রয়োজনে এখানে সেনাবাহিনীর আনাগোনাও সবসময়েই লেগে ছিল। ঢাকার পুরানা পল্টন, মিল ব্যারাক, তেজগাঁওস্থ সেনা ব্যারাক এবং খোদ লালবাগ দুর্গ ব্রিটিশ আমলের সেনা বাহিনীর স্মৃতি বহন করছে। এখানে বর্শাধারী অশ্বারোহী ব্রিটিশ বাহিনী, গোলন্দাজ বাহিনী এবং ঢাকার নওয়াবদের অশ্বারোহী রক্ষীদলের কিছু দুল্প্রাপ্য চিত্র প্রকাশ করা হলো।

Group Photographs: Army

Army camps were established first when Dhaka became the provincial capital during the Mughal rule. Even though Dhaka's importance dwindled during the British period, yet a permanent military force was stationed here. There were frequent army movements in this city for various purposes. Purana Paltan, Mill Barrack, army barrack of Tejgaon and the Lalbagh fort carry memory of army camps in the city during the British rule. Here are some pictures of troops with spears, cavalry and artillery of the British, and of cavalry of Dhaka Nawabs.



১০৫. অশ্বারোহী সেনাদল, ১১তম বেঙ্গল ল্যান্সার, (আনুঃ) ১৮৭০-র দশক।

105. Cavalry, 11th Bengal Lancer, cir. 1870s.



১০৬. অশ্বারোহী সেনাদন, ১১তম বেঙ্গল ল্যাঙ্গার-এর আরেকটি চিত্র, (আনুঃ) ১৮৭০-র দশক।

106. Another picture of 11th Bengal Lancer, cir. 1870s .



১০৭. অশ্বারোহী সেনাদলের কুচকাওয়াজ, (আনুঃ) ১৮৭০-র দশক ।

107. Parade of the Cavalry, cir. 1870s .



১০৮. অশ্বারোহী সেনাদল, (আনুঃ) ১৮৭০-র দশক।

108 Mounted musketeers, cir. 1870s.



১০৯. ঢাকার নওয়াবদের অশ্বারোহী রক্ষীদল (তুরক সওয়ার), ১৮৮০-র দশক।

109. Mounted musketeers of the Nawab's household troops, Dhaku, 1880s.



১১০. ঢাকায় ইংরেজ গোলন্দাজ বাহিনী, (আনুঃ) ১৮৮০।

110. English Artillery Force in Dhaka, cir. 1880s.

বিবিধ

Miscellaneous

বিবিধ বিভাগে এমন কিছু স্বতন্ত্র বৈশিষ্ট্য সম্বলিত চিত্র
রয়েছে যা অন্য কোন বিভাগের মধ্যে পড়ে না। এ
চিত্রগুলোকে একটি আলাদা বিভাগে অন্তর্ভুক্ত করা হয়েছে।
এগুলোর মধ্যে রয়েছে গ্রাম্য হাট, ঢাকা পানীয় জলের
শোধনাগার, দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনপদ ইত্যাদি। এছাড়া
১৯১১ সালে দিল্লীতে অনুষ্ঠিত দরবারে নওয়াব সলিমুল্লাহ
বাহাদুরের ক্যাম্পের কয়েকটি দুস্প্রাপ্য আলোকচিত্র এখানে
স্থান পেয়েছে।

There are some pictures which are of different characteristics, and do not fit into any of the earlier categories. These have been grouped under a separate section. The pictures include those on village bazaar, waterpurifying plant of Dhaka, habitats devastated by calamities, etc. Moreover, this section contains some hard to get by pictures of Nawab Salimullah's camp at the site of Delhi Durbar of 1911.



১১১. ঢাকার একটি হাট, ১৮৮০-র দশক।

111. A Hat (Village Market) of Dhaka, cir. 1880s .



১১২. ঢাকা পানীয় জনের শোধনাগার, নওয়াব আবদুন গনির দানে প্রতিষ্ঠিত, ১৮৮০-র দশক।

112. Dhaka Water
Works built with the
financial help from
Nawab Khwaja
Abdul Ghani, 1880s.



১১৩. চাঁদনী ঘাট এলাকায় একটি শিক্ষা প্রতিষ্ঠান, ১৮৮০-র দশক।

113. An educational institute near Chadni Ghat, cir. 1880s.



১১৪. দোলাই থালের (নদী) ঝুলঙ লোহার সেতৃ, ১৮৮০-র দশক।
ঢাকার ম্যাজিস্ট্রেট গুয়ান্টারস্-এর
উদ্যোগে এই সেতৃ নির্মিত হয়েছিন।
১৮২৮-এ গুরু করে দু'বছরের মধ্যে
সেতৃর নির্মাণ কাজ শেষ হয়েছিন।

114. Iron Suspension Bridge over Dulai Khal (river), 1880s.

The Bridge was built at the initiative of Magistrate Walters of Dhaka. The work started in 1828, and it took two years to complete the construction.




১১। हाल्डाम विस्तृत का वहत १ श्रीतत, ३५ ७ । १८-




১১७. वनाम किञ्चल फननम. (आनूः) ১৮৮० व मनव

116 Countryed downstated by fleed ar is




১১৭. দিল্লীর দরবার (১৯১১) উপলক্ষে নির্মিত নঙয়াব সনিমুল্লাহর ক্যাম্পের অভ্যন্তরীণ দৃশ্য। ছবিতে দৃশ্যমান অইকোণ টেবিলটি বর্তমানে আহসান মঞ্জিল জাদুঘরে প্রদর্শনীতে রয়েছে।

117. Inside view of the camp built for Nawab Salimullah during Delhi Durbar, 1911. The octagonal table seen in the picture is now being displayed at the Ahsan Manzil Museum.




১১৮. দিল্লীর দরবার উপলক্ষে নির্মিত নওয়াব সলি-মুন্নাহর ক্যাম্পের অভ্যন্তরীণ দৃশ্য, ১৯১১। ছবিতে দৃশ্যমান ক্রিস্টান চেয়ার দু'টো বর্তমানে আহ্সান মঞ্জিল জাদুঘরে প্রদর্শনীতে রয়েছে।

118. Inside view of the camp
built for Nawab
Salimullah during Delhi
Durbar, 1911. The two
crystal chairs seen in the
picture are being displayed
at the Ahsan Manzil
Museum.



১১৯. দিল্লীর দরবার উপলক্ষে নির্মিত নওয়াব সলিমুন্নাহর ক্যাম্পে বিশিষ্ট অতিথিবৃন্দ, ১১১০

119.Distinguished guests in the camp of Nawab Salimullah during Delhi Durbar of 1911



এই বইটিতে বারোটি অধ্যায়ে সেকালের ঢাকা নগরী ও শহরতলীর বিভিন্ন দৃশ্যের ১১৯ টি দৃষ্প্রাপ্য আলোকচিত্র তুলে ধরা হয়েছে। এগুলোর মধ্যে রয়েছে তৎকালীন খ্যাতনামা ব্যক্তিদের প্রতিকৃতি ও গ্রুপ ছবি, আকর্ষণীয় প্রাসাদ ও স্থাপত্যকীর্তি, বাগানবাড়ি, সেতু, ক্লাব ও বিনোদন কেন্দ্র, যানবাহন এবং কিছু বিবিধ বিষয়ক চিত্র। চারটি ব্যতীত সবগুলোই প্রথম বিশ্ব যুদ্ধের আগের সময়ের। আলোকচিত্রগুলোর অধিকাংশই বাংলাদেশ জাতীয় জাদুঘরের সংগৃহীত মূল আলোকচিত্র থেকে পুনর্গঠন করা হয়েছে।

অ্যালবামটি বাংলাদেশের রাজধানী ঢাকা মহানগরীর বিবর্তনের ইতিহাস পুনরুদ্ধারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবে। This book presents in twelve chapters one hundred and nineteen rare photographs of old Dhaka and its suburbs. The pictures include individual and group photographs of leading personalities of the period, attractive buildings, palaces, gardens, bridges, clubs and recreational centres, transport and miscellaneous other items. All the pictures excepting four are of the period before the First World War, and with few exceptions all the originals are in the collection of the Bangladesh National Museum. This photographic album will enable us to make a voyage to rediscover the changing fortunes of Dhaka, the capital of Bangladesh.